



NY State of Health
হলো নিউ ইয়র্কের অফিসিয়াল
হেল্থ প্ল্যান মার্কেটপ্লেস।

আপনার কভারেজ
পুনর্নবীকরণ করতে এবং
আপনার পুনর্নবীকরণ তারিখ
সম্পর্কে জানার জন্য সাহায্য
পেতে:

- 1 নিম্নলিখিত নম্বরে আমাদেরকে কল করুন:
1-855-355-5777 অথবা
TTY: 1-800-662-1220
অথবা
- 2 নিম্নলিখিত ঠিকানায় আপনার নিকটবর্তী একজন সহযোগীর সাথে যোগাযোগ করুন: <https://info.nystateofhealth.ny.gov/findassistor>
অথবা
- 3 নিম্নলিখিত ঠিকানায় আপনার স্থানীয় Medicaid অফিসের সাথে যোগাযোগ করুন: https://www.health.ny.gov/health_care/medicaid/ldss.htm

NY State of Health যুক্তরাষ্ট্রের প্রযোজ্য নাগরিক অধিকার আইন ও রাজ্যের আইন মেনে চলে এবং জাতি, বর্ণ, লিঙ্গ, বয়স, জাতীয় উৎপত্তি, ধর্মবিশ্বাস/ধর্ম, বৈবাহিক/পারিবারিক অবস্থা, গ্রেপ্তারের রেকর্ড, দোষী সাব্যস্ত অপরাধী, লিঙ্গ পরিচয়, যৌন প্রবণতা, পূর্বনির্ধারিত জেনেটিক বৈশিষ্ট্য, সামরিক অবস্থা, পারিবারিক সহিংসতার শিকারের অবস্থা এবং/অথবা প্রতিশোধের ভিত্তিতে বৈষম্য করে না।

আপনার

Medicaid, Child Health Plus বা Essential Plan-এর স্বাস্থ্য বিমা পুনর্নবীকরণ সম্পর্কিত কিছু দ্রুত তথ্য

আপনার বা আপনার পরিবারের কোনো সদস্যের কি বর্তমানে **New York State Medicaid, Child Health Plus, বা Essential Plan-এর স্বাস্থ্য বিমা** আছে?

নথিভুক্তরা এখনও এই প্রোগ্রামগুলির জন্য যোগ্য কিনা তা নিশ্চিত করতে New York State 2023 এর বসন্তকাল থেকে যোগ্যতা পরীক্ষা পুনরায় চালু করবে। এর মানে হল আপনার স্বাস্থ্য বিমা বা আপনার পরিবারের সদস্যদের বিমা পুনর্নবীকরণ করার জন্য আপনাকে পদক্ষেপ নিতে হতে পারে। উদাহরণ স্বরূপ, যদি COVID-19 মহামারী শুরু হওয়ার আগে থেকে আপনার আয় অনেক পরিবর্তিত হয়ে থাকে, তাহলে সম্ভবত স্বাস্থ্য বিমায় নথিভুক্ত থাকার জন্য আপনাকে সেই তথ্য NY State of Health-কে জানাতে হতে পারে।

এখানে কিছু জিনিস আছে যা আপনি প্রস্তুতির জন্য এখনই করতে পারেন:

1 টেক্সট অ্যালার্ট পাওয়ার জন্য সাইন আপ করুন।

NY State of Health এর তরফ থেকে টেক্সট অ্যালার্ট পেতে সাইন আপ করুন যাতে আপনি আপনার কভারেজ পুনর্নবীকরণ করার সময় সহ গুরুত্বপূর্ণ স্বাস্থ্য বীমার আপডেটগুলি হাতছাড়া না করেন। সাবস্ক্রাইব করতে **START** লিখে **1-866-988-0327** নম্বরে টেক্সট করুন।

2 আপনার ঠিকানাটি যে আপ টু ডেট রয়েছে তা নিশ্চিত করুন।

নিশ্চিত করুন যে NY State of Health বা আপনার স্থানীয় Medicaid অফিসে আপনার বর্তমান মেল করার ঠিকানা, ফোন নম্বর এবং ইমেইল ঠিকানা রয়েছে যাতে তারা আপনার স্বাস্থ্য বিমা সম্পর্কে আপনার সাথে যোগাযোগ করতে পারে।

আপনার যদি NY State of Health-এর বিমা থাকে, তাহলে আপনি নিম্নলিখিতগুলি পারেন:

- 1-855-355-5777 (TTY: 1-800-662-1220) নম্বরে কল করতে
- nystateofhealth.ny.gov-এ আপনার অ্যাকাউন্টে লগ ইন করতে
- <https://info.nystateofhealth.ny.gov/findassistor>-এ একজন সহকারী খুঁজতে

আপনার **কাউন্টির Medicaid অফিস বা নিউ ইয়র্ক সিটির মানবসম্পদ প্রশাসন (Human Resources Administration, HRA)**, এর মাধ্যমে আপনার Medicaid থাকলে, আপনার ঠিকানা এবং যোগাযোগের তথ্য সহ আপনার স্থানীয় অফিসের সাথে যোগাযোগ করুন।

3 পদক্ষেপ গ্রহণ করুন।

আপনার স্বাস্থ্য বিমা পুনর্নবীকরণের সময় হলে, আপনি NY State of Health থেকে একটি চিঠি পাবেন বা একটি পুনর্নবীকরণ প্যাকেট পাবেন যদি আপনি আপনার কাউন্টির Medicaid অফিসের মাধ্যমে নথিভুক্ত হয়ে থাকেন। এই চিঠি/প্যাকেট আপনাকে আপনার কভারেজ পুনর্নবীকরণ করতে কী করতে হবে এবং প্রতিক্রিয়া জানানোর জন্য আপনার কাছে কত সময় আছে তা জানাবে। অবিলম্বে নির্দেশাবলী অনুসরণ করুন।

অবহিত থাকতে এবং আরো তথ্যের জন্য এখানে যান:

<https://info.nystateofhealth.ny.gov/COVID-19-Changes>